# Times Today BD

আলমগীর হান্নান | দেশজুড়ে | 10 April, 2025

সুন্দরবনে দুর্ধর্ষ ডাকাত করিম শরীফ বাহিনীর হাতে অপহৃত ৬ জন নারীসহ ৩৩ জন জেলেকে উদ্ধার করেছে কোস্ট গার্ড।এসময়  ১৬ টি জেলে নৌকাও উদ্ধার করা হয়।জেলে ও নৌকাগুলো কয়রায় নিয়ে আসা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সিয়াম-উল-হক এ তথ্য জানান।

তিনি বলেন, গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়, সুন্দরবনের দুর্ধর্ষ ডাকাত করিম শরীফ বাহিনী তাদের গোপন আস্তানায় ১৬ টি নৌকাসহ ৩৩ জন জেলেকে জিম্মি করে রেখেছে।

এখবর পেয়ে বুধবার ৯ এপ্রিল বেলা ১১ টা হতে সন্ধ্যা ৭ টা পর্যন্ত বাংলাদেশ কোস্ট গার্ড বেইস মোংলা ও আউটপোস্ট নলিয়ান কর্তৃক সুন্দরবনের করকরি নদীর মাল্লাখালী এলাকায় একটি বিশেষ অভিযান পরিচালনা করে।অভিযান চলাকালীন কোস্ট গার্ডের উপস্থিতি টের পেয়ে ডাকাতদল ফাঁকা গুলি ছুড়ে বনে পালিয়ে যায়।পরবর্তীতে উক্ত এলাকা হতে অপহরণকৃত ৬ জন নারী সদস্য সহ ৩৩ জন জেলেকে ১৬টি বোটসহ উদ্ধার করা হয়।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায়, ভুক্তভোগীরা গত ৯ এপ্রিল সকালে মাছ ও কাঁকড়া ধরতে উদ্দেশ্যে কয়রা হতে সুন্দরবনে যায়।পরবর্তীতে ডাকাত করিম শরীফ বাহিনী তাদের জিম্মি করে প্রতিজনের নিকট হতে ১০ হাজার টাকা করে মুক্তিপণ দাবি করে।

উদ্ধারকৃতদের কোস্ট গার্ড স্টেশন কয়রাতে নিয়ে এসে প্রাথমিক চিকিৎসা ও প্রয়োজনীয় খাবার প্রদান করা হয়।তারা সকলেই খুলনা জেলার কয়রা থানার বাসিন্দা।বোটসহ তাদের পরিবারের নিকট হস্তান্তরের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

কোস্টগার্ড কর্মকর্তা আরও বলেন, বাংলাদেশ কোস্ট গার্ড আওতাধীন এলাকাসমূহে মৎস্যজীবীদের নিরাপত্তা বিধান, জলদস্যু ও বনদস্যু দমন এবং নিরাপদ সুন্দরবন গঠনে ২৪ ঘন্টা ব্যাপী টহল অব্যাহত রেখেছে।যার মাধ্যমে আওতাধীন এলাকা সমূহের আইনশৃঙ্খলা পরিস্থিতি অনেকাংশে উন্নত হয়েছে।এরূপ কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

সুন্দরবন কোস্ট গার্ড

© 2025 TimesToday. All Rights Reserved.